অধ্যায়-১ : বিপণন পরিচিতি

১. বিপণন কী? (জ্ঞান)
ক লাভজনক উপায়ে ভোক্তাদের সন্তুষ্টিবিধান
খ লাভজনক উপায়ে ভোক্তাদের জন্য পণ্য উৎপাদন
গ লাভজনক উপায়ে ভোক্তাদের নিকট পণ্য বন্টন
ঘ লাভজনক উপায়ে ভোক্তাদের জন্য পণ্য উন্নয়ন ক

২. কাকে বাজারজাতকরণের গুরু বলা হয়? (জ্ঞান)
ক Philip Kotler
খ E. Jerome McCarthy
গ W.J. Stanton
ঘ Courtland L.Bovee ক

৩. কীসের মাধ্যমে স্থানগত উপযোগ সৃষ্টি হয়? (জ্ঞান)
ক প্রমিতকরণ খ বিজ্ঞাপন
গ পরিবহন ঘ গুদামজাতকরণ গ

৪. ক্রেতা-বিক্রেতার মধ্যে আন্তঃসম্পর্ক সৃষ্টির মাধ্যম কোনটি? (জ্ঞান)
ক বাজার খ বিপণন
গ ক্রয় ঘ উৎপাদন খ

৫. মার্কেটিং ক্রেতাদের জন্য কী সৃষ্টি করে? (জ্ঞান)
ক দ্রব্য খ সেবা
গ ভ্যালু ঘ ব্যয় গ

৬. প্রক্রিয়াভিত্তিক কাজ বলা হয় কোনটিকে? (জ্ঞান)
ক ভ্যালু সৃষ্টি খ বিপণন
গ বাজার ঘ সরবরাহ খ

৭. বাজারজাতকরণ ক্রেতাদের জন্য কী সৃষ্টি করে? (জ্ঞান)
ক ভ্যালু খ বিনিময়
গ লেনদেন ঘ চাহিদা ক

৮. ভ্যালু কী? (জ্ঞান)
ক পণ্য থেকে প্রাপ্ত সুবিধা
খ আনন্দ ও হতাশার অনুভূতি
গ কিছু প্রদানের মাধ্যমে কিছু গ্রহণ
ঘ বিভিন্ন পক্ষের সাথে সুসম্পর্ক স্থাপন ক

৯. 'ভোক্তাই রাজা'-এ দর্শনটি বিপণনের কোন বৈশিষ্ট্যকে ফুটিয়ে তোলে? (অনুধাবন)
ক বিপণন একটি ব্যবস্থাপকীয় প্রক্রিয়া
খ বিপণন একটি সামাজিক প্রক্রিয়া
গ বিপণন একটি সমন্বিত প্রক্রিয়া
ঘ বিপণন একটি ভোক্তামুখী প্রক্রিয়া ঘ

১০. পণ্য পাওয়ার ইচ্ছা, সামর্থ্য ও অর্থ ব্যয়ের কর্তৃত্বকে কী বলে? (অনুধাবন)
ক প্রয়োজন খ অভাব
গ চাহিদা ঘ ভ্যালু গ

১১. কোনটি ভ্যালু ? (জ্ঞান)
ক $\frac{\text{খরচ}}{\text{সুবিধা}}$ খ $\frac{\text{সুবিধা}}{\text{খরচ}}$
গ খরচ ঘ মূল্য খ

১২. ক্ষুধা লাগলে আমরা বাংলাদেশিরা ভাত খেতে চাইলেও চীনের লোকজন নুডলস খেতে চায়। এটি বিপণনে কোন মৌলিক বিষয়? (প্রয়োগ)
ক অভিজ্ঞতা খ চাহিদা
গ অভাব ঘ প্রয়োজন গ

১৩. চাহিদার ক্ষেত্রে অভাব পূরণের সামর্থ্য ছাড়াও কোনটি প্রয়োজন? (জ্ঞান)
ক পণ্যের সর্বোচ্চ সেবা খ অভিজ্ঞতা
গ সম্পর্কভিত্তিক বিপণন ঘ অর্থ ব্যয়ের ইচ্ছা ঘ

১৪. বিপণন অফারের অভিজ্ঞতা সম্পর্কে কোনটি সঠিক? (জ্ঞান)
ক Experience = Activities + product
খ Experience = Activities + Knowledge
গ Experience = Product + Benefit
ঘ Experience = Activities + Benefit ঘ

১৫. বিপণনের মৌলিক বিষয়ে বাজারের সাথে কোনটি সংশ্লিষ্ট? (অনুধাবন)
ক বাজার = প্রতিযোগীদের ক্রেতা + ভবিষ্যৎ ক্রেতা
খ বাজার = অতীত ক্রেতা + সম্ভাব্য ক্রেতা
গ বাজার = বর্তমান ক্রেতা + স্থায়ী ক্রেতা
ঘ বাজার = বর্তমান ক্রেতা + সম্ভাব্য ক্রেতা ঘ

১৬. রাজুর বাবা রাজুকে বললেন, একদিন বিপণন বিষয়টি এমন ছিলো যে যত পণ্য বিনিময় করতে পারতো সে তত লাভবান হবে ভাবা হতো। বিষয়টি কোন যুগের সাথে সঙ্গতিপূর্ণ? (প্রয়োগ)
ক বিনিময় যুগ খ মার্কেটিং যুগ
গ উৎপাদন যুগ ঘ বিক্রয় যুগ ক

১৭. বিপণনে ক্রয়-বিক্রয় ছাড়া কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়? (জ্ঞান)
ক স্থানগত উপযোগ খ রূপগত উপযোগ
গ স্বত্বগত উপযোগ ঘ সময়গত উপযোগ গ

১৮. ক্রয়-বিক্রয়ের স্থানকে সাধারণত কী বলে? (জ্ঞান)
ক বিনিময় স্থান খ বাজার
গ হাত বদল স্থান ঘ মধ্যস্থতার স্থান খ

১৯. ভোক্তার সন্তুষ্টি বিধানের জন্য যা প্রদান করা হয় তাকে কী বলে? (জ্ঞান)
ক চাহিদা খ অভাব
গ প্রয়োজন ঘ বিপণন অর্পণ ঘ

২০. চাহিদা ও যোগানের সমতা বিধানের ফলে কোনটি ঘটে? (উচ্চতর দক্ষতা)
ক উৎপাদন বৃদ্ধি
খ মূল্যমানের স্থিতিশীলতা বিধান
গ জীবনযাত্রার মানোন্নয়ন
ঘ ভোগের বৈচিত্র্যায়ন খ

Teachingbd.com

২১. বিপণনে অভাব পূরণের সক্ষমতাকে কী বলে? (জ্ঞান)
ক) বিক্রয় খ) ক্রেতা ভ্যালু
গ) বিপণন ঘ) উপযোগ ঘ

২২. বিপণন কার চাহিদা পূরণ করে? (জ্ঞান)
ক) ক্রেতার খ) খুচরা কারবারি
গ) বিক্রেতা ঘ) মধ্যস্থকারবারি ক

২৩. ক্রেতা বলতে কোনটিকে বোঝায়? (জ্ঞান)
ক) যিনি পণ্য সরবরাহ করে
খ) যিনি পণ্য উৎপাদন করে
গ) যিনি পণ্য ভোগ করে
ঘ) যিনি পণ্য ক্রয় করে ঘ

২৪. বণ্টন প্রণালিতে সর্বশেষ অবস্থান কার? (জ্ঞান)
ক) খুচরা ব্যবসায়ীর খ) বিপণনকারীর
গ) পাইকারি ব্যবসায়ীর ঘ) ভোক্তার ঘ

২৫. বাংলাদেশের অর্থনীতি কেমন? (অনুধাবন)
ক) উন্নত খ) অনুন্নত
গ) উন্নয়নশীল ঘ) শিল্পোন্নত গ

২৬. EPZ-এ কোন ধরনের পণ্য তৈরি করা হয়? (জ্ঞান)
ক) সাধারণ মানুষদের উপযোগী
খ) শুধুমাত্র বিত্তশালীদের জন্য
গ) দেশের ক্রেতাদের জন্য
ঘ) রপ্তানিমুখী ঘ

২৭. বিপণনের মাধ্যমে যে উপযোগ সৃষ্টি হয় তা হলো– (অনুধাবন)
i. রূপগত
ii. সময়গত
iii. স্থানগত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii গ

২৮. বিপণন যা করে — (অনুধাবন)
i. পণ্য শ্রেণিকরণ করে
ii. গুদামজাতকরণ করে
iii. ভোক্তার হাতে পৌছায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii ঘ

২৯. বাজারের অপরিহার্য শর্ত হলো — (অনুধাবন)
i. কতিপয় লোকের অভাব ও প্রয়োজন থাকবে
ii. ক্রেতার ক্রয় সামর্থ্য থাকবে
iii. পণ্য ক্রয়ের অধিকার থাকবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii ঘ

৩০. বিপণনের দৃষ্টিকোণ হতে পণ্য — (অনুধাবন)
i. সন্তুষ্টি বিধান করতে পারে এমন কিছু
ii. বাজারের মনোযোগ আকর্ষণে সক্ষম
iii. ভোগের জন্য উপস্থাপিত দৃশ্যমান বা অদৃশ্যমান বস্তু
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii ঘ

৩১. ইমরান একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠানের বিপণনকারী। পেশা অনুযায়ী জনাব ইমরানের কার্যক্রমে জড়িত পক্ষগুলো হলো — (প্রয়োগ)
i. ক্রেতা প্রতিযোগিতা
ii. মধ্যস্থব্যবসায়ী
iii. সরবরাহকারী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii ঘ

৩২. বিপণন মতবাদের ভিত্তি হলো — (অনুধাবন)
i. ক্রেতার সন্তুষ্টি ii. সমন্বিত বিপণন
iii. ভোক্তার প্রয়োজন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii ঘ

৩৩. বিপণন মিশ্রণের হাতিয়ার হলো — (অনুধাবন)
i. উৎপাদন ii. মূল্য
iii. পণ্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii গ

৩৪. দেশের বিভিন্ন অঞ্চলে EPZ প্রতিষ্ঠার ফলে সম্ভব হয়েছে — (অনুধাবন)
i. আধুনিক ও উন্নতমানের শিল্প
ii. শিল্পোন্নয়ন ত্বরান্বিত হওয়া
iii. বৈদেশিক মুদ্রা আয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii ঘ

উদ্দীপকটি পড়ো এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও।
জেড পাইপস লিমিটেডের বিপণন ব্যবস্থাপক আসিফ সাহেব। তিনি তার প্রতিষ্ঠানের সম্ভাব্য ক্রেতাদের রুচি, অভ্যাস, পছন্দ-অপছন্দ ইত্যাদি জেনে তাদের তৈরিকৃত পাইপস বিক্রয়ের উদ্যোগ নেন। ক্রেতারা যেন সন্তুষ্ট থাকে এবং তাদের সাথে সুদৃঢ় সম্পর্ক স্থাপনের জন্য তিনি ক্রেতাদের তথ্যসমূহ কম্পিউটারে সংরক্ষণ করেন।

Teachingbd.com

৩৫. আসিফ সাহেবের সামগ্রিক কাজের সমষ্টিকে কী বলা যায়? (প্রয়োগ)
ক জনসংযোগ খ বিপণন
গ তথ্য সংগ্রহ ঘ বিজ্ঞাপন **খ**

৩৬. আসিফ সাহেবের কাজের চূড়ান্ত উদ্দেশ্য হলো — (উচ্চতর দক্ষতা)
i. লাভজনক ক্রেতা সম্পর্ক স্থাপন
ii. ক্রেতা ভ্যালু সৃষ্টি
iii. ক্রেতা সন্তুষ্টি অর্জন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

উদ্দীপকটি পড়ো এবং ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও।
ইউনিলিভার অভিজ্ঞতালব্ধ আন্তর্জাতিক ব্র্যান্ড। 'লাক্স' সাবান প্রতিষ্ঠানটির একটি বহুল প্রচলিত পণ্য। বিশ্বব্যাপী 'লাক্স' সাবানের ব্যাপক চাহিদা থাকা সত্ত্বেও ইউনিলিভার লাক্স সাবানের সাথে লটারির মাধ্যমে হিরার লকেট দেয়ার প্রস্তাব দিয়েছে।

৩৭. ইউনিলিভারের লাক্স সাবানের ব্যাপক চাহিদার কারণ কোনটি? (প্রয়োগ)
ক ব্র্যান্ডের অভিজ্ঞতা খ স্বল্প মূল্যের পণ্য
গ ব্যতিক্রমধর্মী পণ্য ঘ হিরার লকেট প্রলোভন **ক**

৩৮. ইউনিলিভার 'লাক্স' সাবানের সাথে হিরার লকেট দেয়ার প্রস্তাব দিয়েছে — (উচ্চতর দক্ষতা)
i. ক্রেতার সন্তুষ্টি অর্জনের জন্যে
ii. বিক্রয়ের পরিমাণ বৃদ্ধির জন্যে
iii. পণ্যের নিম্ন মানের জন্যে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব মিনহাজ নানান মূল্যের টি-শার্ট তার কারখানায় উৎপাদন করেন। তিনি জানেন উৎপাদন করলেই তার কাজ শেষ হয় না। তাই তিনি টি-শার্ট ব্যবহারকারীর হাতে চূড়ান্তভাবে পণ্যটি পৌঁছে দেয়ার জন্য নানান পদক্ষেপ গ্রহণ করেন।

৩৯. জনাব মিনহাজের টি-শার্ট উৎপাদন থেকে ব্যবহারকারী পর্যন্ত পৌঁছে দেয়ার কাজকে কী বলে? (প্রয়োগ)
ক চাহিদা পূরণ খ বিক্রয়িকতা
গ ব্যক্তিক বিক্রয় ঘ বিপণন **ঘ**

৪০. জনাব মিনহাজের টি-শার্ট ব্যবহারকারীর হাতে পৌঁছানোর পদক্ষেপ গ্রহণের ফলে — (উচ্চতর দক্ষতা)
i. সামাজিক চাহিদা পূরণ হচ্ছে
ii. পণ্যের সুষম বণ্টন হচ্ছে
iii. সম্পর্কের উন্নয়ন ঘটছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

উদ্দীপকটি পড়ো এবং ৪১ ও ৪২ নং প্রশ্নের উত্তর দাও।
'লরীন' কোম্পানি তাদের নতুন উদ্ভাবিত Note-5 মোবাইল সেট বিপণন করছে। এ মোবাইল ফোনটি ১৫ পিক্সেল ক্যামেরা, ইন্টারনেট সুবিধা, ভিডিও-সহ সর্বাধুনিক বৈশিষ্ট্যসম্পন্ন। কোম্পানিটি এ বছর ১ লক্ষ মোবাইল সেট বিক্রয়ে সক্ষম হয়েছে। কোম্পানি আশা করছে ভবিষ্যতে আরো ৫ লক্ষ মোবাইল সেট বিক্রয় করা সম্ভব হবে। কোম্পানির ব্যবস্থাপনার বিশ্বাস নতুন মোবাইল সেটটি বিপণনের মাধ্যমে তাদের ইতিবাচক ব্র্যান্ড ইমেজ তৈরি করা সম্ভব।

৪১. উদ্দীপকে গ্রাহক সংখ্যার মাধ্যমে বিপণনের কোন ধারণা প্রতিফলিত হয়েছে? (প্রয়োগ)
ক প্রয়োজন খ অভাব
গ চাহিদা ঘ বাজার **ঘ**

৪২. নতুন মোবাইল সেটটি বিপণন করে কোম্পানি যে সুবিধা ভোগ করতে পারে তা হলো — (উচ্চতর দক্ষতা)
i. সুনাম বৃদ্ধি ii. ব্যয় সংকোচন
iii. মুনাফা সর্বোচ্চকরণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

উদ্দীপকটি পড়ো এবং ৪৩ ও ৪৪ নং প্রশ্নের উত্তর দাও।
টাঙ্গাইলের আমির হামযা বাঁশ ও বেতের সামগ্রী তৈরি করেন। দেখতে আকর্ষণীয় হওয়ায় এক বন্ধু অনলাইনে যোগাযোগ করে সিঙ্গাপুরের এক ক্রেতার কাছে ৫ লাখ পণ্যসামগ্রী বিক্রয়ের ব্যবস্থা করে দিল। এতে আমির হামযা আরও ৩০ জন নতুন কর্মী নিয়োগ দিলো।

৪৩. আমির হামযা সিঙ্গাপুরে পণ্য বিক্রয়ের ফলে উন্নয়ন ঘটবে কোনটির? (প্রয়োগ)
ক অনুৎপাদিত পণ্যের খ সেবা বিপণনের
গ সময়গত উপযোগের ঘ দেশের অর্থনীতির **ঘ**

৪৪. ৩০ জন নতুন কর্মী নিয়োগ দেয়ায় সম্ভব হবে— (উচ্চতর দক্ষতা)
i. অব্যাহত উৎপাদন নিশ্চিতকরণ
ii. বৃহদায়তন উৎপাদন
iii. জীবনযাত্রার মান উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

Teachingbd.com